# বাংলাদেশ চা বোর্ড

# বাজেট
# ২০২৩-২৪



**মনিটরিং সেল**

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

www.mof.gov.bd

# বাংলাদেশ চা বোর্ড

## ১. ভূমিকা

বাংলাদেশ চা বোর্ড বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনস্থ একটি বিধিবদ্ধ সংস্থা। বাংলাদেশের চা শিল্পের উন্নয়ন এবং প্রণালীবদ্ধ নিয়ন্ত্রণ, চা এর উৎপাদন, বিপণন এবং রপ্তানি সংক্রান্ত যাবতীয় কাজ এ বোর্ডের অন্তর্ভূক্ত। চা শিল্পের সার্বিক উন্নয়ন এবং এর বিপণনের লক্ষ্যে ‘পাকিস্তান টি এ্যাক্ট ১৯৫০’ এর আওতায় ১৯৫১ সালে “পাকিস্তান টি বোর্ড” গঠিত হয়। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ‘চা অধ্যাদেশ ১৯৭৭’ এর আওতায় “বাংলাদেশ চা বোর্ড” পুনর্গঠিত হয়। ‘চা অধ্যাদেশ ১৯৭৭’ এবং ‘চা (সংশোধনী) অধ্যাদেশ ১৯৮৬’ এর পরিবর্তে বর্তমানে ‘চা আইন ২০১৬’ এর অধীনে বাংলাদেশ ‘চা বোর্ড’ পরিচালিত হচ্ছে।

## ২. রূপকল্প (Vision)

অভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে বহিঃবিশ্বে রপ্তানির জন্য অধিক হারে চা উৎপাদন।

## ৩. অভিলক্ষ্য (Mission)

চা বাগানের চাষযোগ্য জমি চিহ্নিত করণপূর্বক এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ, ক্ষুদ্র চা চাষে উৎসাহ প্রদান, চায়ের উৎপাদন বৃদ্ধি ও মানোন্নয়ন, চায়ের অভ্যন্তরীণ চাহিদা পূরণ এবং বিদেশে চা রপ্তানির হারানো ঐতিহ্য পুনরুদ্ধার।

## ৪. কার্যাবলি

- চায়ের উৎপাদন ও রপ্তানি নিয়ন্ত্রণ, পরিচালন ও বৃদ্ধি করা;
- চায়ের বিক্রয় নিয়ন্ত্রণ ও পরিচালন করা;
- বিভিন্ন প্রকার চায়ের গুণগতমান নির্ধারণ করা এবং চা আস্বাদনের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- চায়ের গুণগত মান উন্নয়নের জন্য প্রয়োজনীয় ও লক্ষ্যসই ব্যবস্থা গ্রহণ করা; এবং
- চা আবাদ এবং এ শিল্পের সাথে সংশ্লিষ্ট বিষয়সমূহের উপর বিশেষ গবেষণা কার্যাক্রম গ্রহণ এবং সহায়তা করা।

## ৫. কৌশলগত উদ্দেশ্যসমূহ

- চা চাষ এলাকা সম্প্রাসারণ ও চা উৎপাদনে সহায়তা প্রদান;
- চা বাগান পরিবীক্ষণ ও মূল্যায়ন; এবং
- চা শিল্পের সক্ষমতা বৃদ্ধি ও উন্নয়ন।

### ৫. ১. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ

- দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
- উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;
- দক্ষতার প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন; এবং
- তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।

## ৬. বিগত তিন বছরের অর্জনসমূহ

- বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই) কর্তৃক উন্নত জাতের ক্লোন বিটি-২১, বিটি-২২ ও বিটি-২৩ অবমুক্ত করা হয়েছে;
- বিটিআরআই কর্তৃক চা চাষে সমন্বিত বালাই ব্যবস্থাপনা, জৈব সার ও ভার্মিকম্পোস্ট পদ্ধতির উদ্ভাবন করা হয়েছে;
- পঞ্চগড়ে ৪৮ টি চা কারখানা স্থাপনের অনুমতি প্রদান করা হয়েছে। ২৫ টি চা কারখানা চলমান রয়েছে;

- বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটের সক্ষমতা বৃদ্ধির জন্য ফটিকছড়ি উপকেন্দ্রে একটি মৃত্তিকা ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে। বাংলাদেশ চা বোর্ড দেশের চা শিল্পের উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করছে। যার ফলে এ শিল্পের দ্রুত উন্নয়ন ঘটছে;
- ০৪ জুন' ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ দেশে ২য় বারের মত "জাতীয় চা দিবস" উদযাপিত হয়েছে;
- 'চা সেবা' এবং 'দু'টি পাতা একটি কুঁড়ি' নামে দুটি মোবাইল অ্যাপ চালু করা হয়েছে;
- ২০২১ খ্রিস্টাব্দে বাংলাদেশের ইতিহাসে রেকর্ড পরিমাণ ৯৬.৫০৬ মিলিয়ন কেজি চা উৎপাদিত হয়েছে;
- দেশের উত্তরাঞ্চলে ২০২০ খ্রিস্টাব্দে ১০.৩০ মিলিয়ন কেজি এবং ২০২১ খ্রিস্টাব্দে ১৪.৫৪ মিলিয়ন কেজি চা উৎপাদিত হয়েছে।
- দেশীয় চা প্রচার ও প্রসারের লক্ষ্যে ৫ টি 'চা প্রদর্শণ' ও 'বিক্রয় কেন্দ্র' স্থাপন করা হয়েছে;
- "বাংলাদেশ চা" নামে আন্তর্জাতিক মানের চা ব্র্যান্ড উদ্ভাবন এবং নান্দনিক ও আকর্ষণীয় মোড়কে উপস্থাপন করা হচ্ছে;
- 'বান্দরবান টি' নামে আন্তর্জাতিক মানের চা ব্র্যান্ড উদ্ভাবন এবং নান্দনিক ও আকর্ষণীয় মোড়কে উপস্থাপন করা হচ্ছে;
- মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে গত ১৫ মার্চ ২০২১ তারিখে পরীক্ষামূলকভাবে অনলাইন চা নিলাম চালু করা হয়েছে; এবং
- মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে বঙ্গাবন্ধু গ্যালারি ও বঙ্গাবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে , যা গত ১৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বাণিজ্য মন্ত্রী মহোদয় উদ্বোধন করেছেন।

**৭. সংস্থার Key Performance Indicators (KPI)**

- চা শিল্পের উন্নয়নের জন্য গবেষণামূলক কার্যক্রম গ্রহণ, কারিগরি ও প্রযুক্তিগত উৎকর্ষ সাধন;
- নিয়মিত পরীবিক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে চা শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণ;
- চায়ের উৎপাদন ও গুণগত মান বৃদ্ধি;
- নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে চা বাগান সমূহে দক্ষ মানব সম্পদ সৃজন;
- চা শিল্পে নিয়োজিত শ্রমিকদের জীবন মান উন্নয়ন;
- চা বাগানের অবকাঠামোগত উন্নয়ন; এবং
- চায়ের আমদানি - রপ্তানি, বিক্রয় পরীবিক্ষণ ও পরিচালনা।

**৮. সমস্যা ও চ্যালেঞ্জসমূহ**

- বাংলাদেশ উন্নয়নশীল দেশে পরিণত হ'লে মানুষের মাথাপিছু আয় বৃদ্ধি পেলে চা'য়ের অভ্যন্তরীণ ভোগও বৃদ্ধি পাবে। ২০২২ সালে বাংলাদেশের সম্ভব্য অভ্যন্তরীণ ভোগের পরিমাণ ১১১.০০ মিঃ কেজি এবং সম্ভব্য চা উৎপাদনের পরিমাণ ধরা হয়েছিল ১০০.০০ মিঃ কেজি। অর্থাৎ দেশের অভ্যন্তরীণ চাহিদা মেটানোর জন্য আরও ১১.০০ মিঃ কেজি বেশী চা উৎপাদন করতে হবে। এ লক্ষ্য অর্জন করা চা শিল্পের জন্য একটি বড় চ্যালেঞ্জ;
- বিশ্বায়নের ফলে চা শিল্পের শ্রমিকরা এখন অন্য পেশায় স্থানান্তরিত হচ্ছে। ফলে চা শিল্পে শ্রমিক সংকট দেখা দিয়েছে। বর্তমানে চট্টগ্রাম এবং সিলেট সদরের চা বাগানগুলোতে শ্রমিক সংকট বিরাজ করছে। অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে চা শিল্পের শ্রমিক সংকট আরও তীব্র আকার ধারণ করার সম্ভাবনা রয়েছে, যা মোকাবেলা করা চা শিল্পের জন্য অত্যন্ত বড় একটি চ্যালেঞ্জ;

- দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির সাথে সাথে মানুষের মাথাপিছু আয় বৃদ্ধি পেলে ভোক্তার রুচির পরিবর্তন ঘটবে। ভোক্তারা তখন শুধু মাত্র ব্ল্যাক টি এর পরিবর্তে গ্রিন টি, অর্থডক্স টি সহ বিভিন্ন ধরণের ভ্যালু এ্যাডেড টি এর প্রতি আকৃষ্ট হবে। তাছাড়া বিভিন্ন ধরণের আকর্ষণীয় মোড়কজাত চায়ের চাহিদা বৃদ্ধি পাবে। অতি অল্প সময়ে ভোক্তার চাহিদা অনুযায়ী বিভিন্ন ধরণের চা বাজারে সরবরাহ করা বাংলাদেশের চা শিল্পের জন্য একটি বড় চ্যালেঞ্জ;
- দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির ফলে অর্থনীতির স্বাভাবিক নিয়মে শ্রমিক মজুরি বৃদ্ধি পাবে, যার প্রভাবে উদপাদন খরচ বৃদ্ধি পাবে। একই সাথে চায়ের মূল্যও বাড়বে। চায়ের মূল্য স্বল্প আয়ের মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে বজায় রাখা বাংলাদেশের চা শিল্পের জন্য একটি বড় চ্যালেঞ্জ। ২০২২ সালে মজুরি ১২৫ টাকা হতে ১৭০ টাকা বৃদ্ধি করা হয়।
- মুদ্রাস্ফিতির ফলে চা প্রক্রিয়াজাতকরণ মেশিনারিজ ও স্পেয়ার পার্টস আমদনি খরচ বৃদ্ধি পাবে। ফলে ক্রমবর্ধমান উৎপাদিত চা পাতা প্রক্রিয়াজাত করতে প্রয়োজনীয় কারখানা স্থাপন করতে বেশী অর্থ ব্যয় হবে, যা চা শিল্পের জন্য অপর একটি বড় চ্যালেঞ্জ;
- চা প্রক্রিয়াজাতকরণের জন্য কারখানাগুলোতে গ্যাস ও বিদ্যুৎ ব্যবহার করা হয়। অধিক পরিমান চা উৎপাদনের জন্য এ সকল উৎপাদন উপকরণের চাহিদাও বৃদ্ধি পাবে। প্রয়োজন অনুযায়ী উৎপাদন উপকরণ সরবরাহ নিশ্চিত করাও চা শিল্পের জন্য একটি বড় চ্যালেঞ্জ;
- বাংলাদেশে বিদ্যমান চা বাগানের অধিকাংশই ১৫০ বছরের বেশী পুরানো। দীর্ঘ সময় এ বাগানসমূহে রাসায়নিক সার, কীটনাশক প্রয়োগ এবং অন্যান্য বিভিন্ন কারণে মাটির গুনগত মান তথা উর্বরতা হ্রাস পেয়েছে। এ অপেক্ষাকৃত কম উর্বর জমিতে অধিক পরিমান চা উৎপাদন করা বাংলাদেশের চা শিল্পের জন্য একটি বড় চ্যালেঞ্জ;
- জলবায়ু পরিবর্তনের ফলে বৈশ্বিক উষ্ণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি উদ্ভিদ জগৎ তথা চা গাছসমূহের উপর বিরূপ প্রভাব ফেলছে। এর ফলে খরা, অতিবৃষ্টি, ভূমিক্ষয় ইত্যাদি বৃদ্ধি পাচ্ছে। এ সব প্রাকৃতিক দূর্যোগ ও প্রতিকূল আবহাওয়ায় চা উৎপাদন বৃদ্ধি করা একটি বড় ধরণের চ্যালেঞ্জ; এবং
- বাংলাদেশ চা বোর্ডের মালিকানাধীন ঢাকার গোপিবাগস্থ জমি (০.৭৫ একর) সরকারি আদেশে ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ) এর নিকট হস্তান্তরের বিনিময়ে ঢাকা মহানগরীতে সমপরিমাণ জমি অথবা এর বর্তমান বাজার মূল্য অদ্যাবধি পাওয়া যায়নি। দিন দিন বোর্ডের ব্যয় বহুলাংশে বৃদ্ধি পেলেও এর প্রধান আয়ের উৎস "চা উপকর" আদায়ের পরিমাণ এখনও চায়ের বিক্রয় মূল্যের ১% এর মধ্যে সীমিত রয়েছে, যা বৃদ্ধি করা আবশ্যক।

**৯. ভবিষ্যৎ পরিকল্পনা**

- চায়ের ক্রম বর্ধমান চাহিদা মোকাবেলা করার জন্য এবং চা শিল্পের উন্নয়নের জন্য বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক " উন্নয়নের পথনকশাঃ বাংলাদেশ চা শিল্প" অনুমোদন করা হয়েছে। উন্নয়নের পথনকশায় চা শিল্পের উন্নয়নের জন্য স্বল্প মেয়াদি, মধ্য মেয়াদি, এবং দীর্ঘ মেয়াদি পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ সকল পরিকল্পনা ২০২৫ সালের মধ্যে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্বল্প মেয়াদি পরিকল্পনা ২০২০ সালে বাস্তবায়িত হয়েছে;
- ২০২৫ সালে চা'য়ের সম্ভাব্য উৎপাদনের পরিমাণ ১৪০.০ মি. কেজি এবং অভ্যন্তরীণ ভোগের পরিমাণ হবে ১২৯.৪৩ মি. কেজি। ফলে অভ্যন্তরীণ ভোগ মিটিয়েও অবশিষ্ট প্রায় ১০.৫৭ মি. কেজি চা বিদেশে রপ্তানি করা সম্ভব হবে। চা আমদানি হ্রাস এবং রপ্তানি বৃদ্ধির মাধ্যমে দেশের বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের পরিকল্পনা রয়েছে;
- বাংলাদেশে ২০০৬ সাল হ'তে পঞ্চগড়, লালমনিরহাট, দিনাজপুর এবং বান্দরবানে ক্ষুদ্রায়তন চা চাষ শুরু হয়েছে। ক্ষুদ্রায়তন চা আবাদ দারিদ্র বিমোচনেও গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করছে। ভবিষ্যতে ক্ষুদ্রায়তন চা আবাদ সম্প্রসারণের মাধ্যমে ৩০ মিলিয়ন কেজি চা উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করা রয়েছে;
- বাংলাদেশে চা বোর্ড পরীক্ষামূলকভাবে বিভিন্ন ধরনণের "ভ্যালু এ্যাডেড" চা তৈরি এবং আকর্ষণীয় মোড়কে বাজারজাত করণের কার্যক্রম হাতে নিয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ চা বোর্ড সাতকরা টি, লেমন টি, তুলসি টি, হোয়াইট টি, অরেঞ্জ টি, জিঞ্জার টি, স্ট্রবেরি টিসহ মোট ২৩ (তেইশ) ধরণের চা তৈরি করছে। চা গুলো পরিক্ষামুলকভাবে আকর্ষণীয় মোড়কে

বাজারে ছাড়া হয়েছে। ভবিষ্যতে এ সকল চা আরও অধিক পরিমাণে বাজারজাতকরণের পরিকল্পনা রয়েছে, যা ভোক্তার ক্রমবর্ধমান চাহিদা মেটাতে সক্ষম হবে মর্মে আশা করা যায়;

- চা শ্রমিকদের জীবনমান উন্নয়নের জন্য "চা বাগানের শ্রমিক কল্যাণ" শীর্ষক একটি প্রকল্প প্রস্তাবনায় শ্রমিকদের জীবন যাত্রার মান উন্নয়নের জন্য ১৫ হাজার ইউনিট স্বয়ংসম্পূর্ণ লেবার হাউজ, সুপেয় পানির জন্য ৪০ টি ডিপটিউবওয়েল, ৭৫০০ টি হ্যান্ড টিউবওয়েল, ৫০ টি পাতকুয়া এবং ১৬২ টি ক্রেস হাউজ নির্মাণের প্রস্তাব করা হয়েছে।
- অধিক পরিমানে চা উদপাদনের জন্য চা শিল্পের সঙ্গে জড়িত জনবলের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই) এবং প্রকল্প উন্নয়ন ইউনিট (পিডিইউ)-কে শক্তিশালীকরণের জন্য বিভিন্ন ধরনণের পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। উল্লেখ্য বিটিআরআই কর্তৃক পরিচালিত বার্ষিক কোর্সের মাধ্যমে প্রতি বছর ৬০ থেকে ৭০ জন সহকারী ব্যবস্থাপক- কে চা চাষ,মাড়ক ও বালাই দমন, মৃত্তিকা ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হয়। তাছাড়া প্রকল্প উন্নয়ন ইউনিটের ব্যবস্থাপনা প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক প্রতিবছর ২০ জন করে চা ব্যবস্থাপনার সঙ্গে জড়িত সহকারী ব্যবস্থাপক, ব্যবস্থাপক এবং অন্যান্য কর্মকর্তাদের "**প্রফেশনাল ডিপ্লোমা ইন টি ম্যানেজমেন্ট**" ডিগ্রি প্রদান করা হয়। ভবিষ্যতে চা শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা রয়েছে। বাংলাদেশে চা গবেষণার ক্ষেত্রে এ সকল পরিকল্পনা বাস্তবায়িত হলে ভবিষ্যতে দক্ষ জনশক্তি তৈরি হবে। দেশের উৎপাদিত চায়ের গুণমান বৃদ্ধি ও বাজার সম্প্রসারণকে লক্ষ্য রেখে প্রকল্প উন্নয়ন ইউনিটে ২০২২ সাল থেকে Tea tasting and quality control শীর্ষক প্রশিক্ষণ চালু হয়েছে।
- ২০২১ সালে বাংলাদেশ চা বোর্ডের অঙ্গ প্রতিষ্ঠান বাংলাদেশে চা গবেষণা ইনস্টিটিউট কর্তৃক অধিক উৎপাদনশীল ও খড়া প্রতিরোধী ক্লোন বিটি-২২ ও বিতি-২৩ অবমুক্ত করা হয়েছে। সামনের বছরগুলোতে অধিক উৎপাদনশীল ক্লোন উদ্ভাবনের পরিকল্পনা হাতে নেয়া হয়েছে।
- দেশে অর্থনৈতিক প্রবৃদ্ধির সাথে সাথে গবেষণা ও প্রযুক্তি খাতে সরকারি ও বেসরকারি বিনিয়োগ বৃদ্ধি পাবে। বাংলাদেশ চা বোর্ড ইতোমধ্যে চায়ের উপর যৌথ গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য চীনের সাথে বিগত ০৬.০২.২০১৮ খ্রিঃ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এছাড়াও দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের পরিকল্পনা রয়েছে। এ সকল উদ্যোগ বাস্তবায়িত হলে চা শিল্পের ভিত্তি আরও শক্তিশালী হবে;
- ইউকে পার্লামেন্ট হাউস অফ লর্ডসে জুন'২০২২ মাসে অনুষ্ঠিত "Reviving Bangladesh-UK Tea Trade" শীর্ষক চা ব্র্যান্ডিং বিজনেস গোলটেবিল বৈঠকে বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান অংশগ্রহণ করেন। উক্ত গোলটেবিল বৈঠকে অংশগ্রহণের ফলে বাংলাদেশের চায়ের বৈদেশিক বাজার সম্প্রসারণের সুযোগ পাবে বলে আশা করা যায়।
- চা উৎপাদন এবং প্রক্রিয়াজাতকরণের জন্য আধুনিক যন্ত্রপাতি উদ্ভাবন করতে হবে। ইতোমধ্যে চীন স্বয়ংক্রিয় গ্রিন টি মেশিন তৈরি করেছে, যা অল্প সময়ে এবং স্বল্প জনবলে অধিক পরিমান কাঁচা পাতা প্রক্রিয়াজাত করতে সক্ষম। তাছাড়া চা রোপনের জন্য মেশিন এবং চা পাতা উত্তোলনের জন্য প্লাকিং শেয়ার বর্তমানে বাজারে পাওয়া যাচ্ছে। ভবিষ্যতে এ ধরণের আরও আধুনিক যন্ত্রপাতি উদ্ভাবনের পরিকল্পণা গ্রহণ করা হয়েছে।

**১০. বাংলাদেশ চা বোর্ড এর ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত, ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও অনুমোদিত এবং ২০২১-২২ অর্থবছরের মোট পরিচালন রাজস্ব, মোট পরিচালন ব্যয় ও ব্যয় উদ্বৃত্ত আয়/ (ঘাটতি) নিম্নরূপ:**

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদতি বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১. | মোট রাজস্ব | ৩৭৯০.০০ | ৩৪২৮.৭৩ | ৩৭১২.০০ | ৩৯২৮.৮৫ |
| ২. | মোট ব্যয় | ৩৫২০.৫৫ | ৩০১৩.৭৯ | ৩২৯০.৮০ | ২৩৬৯.৩৪ |
| ৩. | ব্যয় উদ্বৃত্ত আয়/ (ঘাটতি) | ২৬৯.৪৫ | ৪১৪.৯৪ | ৪২১.২০ | ১৫৫৯.৫১ |

**ক. প্রধান কার্যালয়**

প্রধান কার্যালয় হলো বাংলাদেশের সমগ্র চা শিল্পের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান। চা শিল্পের উন্নয়ন, আন্তর্জাতিক বাজারে চা বিক্রয় ও রপ্তানি বৃদ্ধি এবং চায়ের গুনগতমান নিয়ন্ত্রণ করাই এর প্রধান কাজ। ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশে মোট বাগানের সংখ্যা ছিল ১৬৬ টি। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে চা বাগানের সংখ্যা হবে ১৬৮ টি। ২০২১-২২ অর্থবছরে নিলাম বিক্রয়, সরাসরি বিক্রয়, চা বাগান হ'তে প্রাপ্ত লেভি, খুচরা বিক্রয়সহ মোট ৯৬৬.৫২ লক্ষ কেজি চা বিক্রয় করা হয়। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এ বিক্রয়ের পরিমাণ যথাক্রমে ৯১৮.৮০ লক্ষ ও ৯৬৬.৪৫ লক্ষ কেজি হবে মর্মে আশা করা যাচ্ছে।

২০২১-২২ অর্থবছরে বোর্ডের মোট রাজস্বের পরিমাণ ছিল ৩৫.৬২ কোটি টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে রাজস্বের পরিমাণ যথাক্রমে ৩১.৩৭ কোটি ও ৩৪.৪০ কোটি টাকা হবে মর্মে আশা করা যাচ্ছে। ২০২১-২২ অর্থবছরের হিসাব অনুযায়ী মোট পরিচালন ব্যয়ের পরিমাণ ছিল ১০.৩৫ কোটি টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ব্যয়ের পরিমাণ ১৩.৪২ কোটি টাকা হবে মর্মে হিসাব করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এ ব্যয় ১৬.০৫ কোটি টাকা হবে মর্মে অনুমান করা যাচ্ছে। ২০২১-২২ অর্থবছরে পরিচালন মুনাফার পরিমাণ ছিল ২৫.২৭ কোটি টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে পরিচালন মুনাফার পরিমাণ যথাক্রমে ১৭.৯৫ কোটি ও ১৮.৩৫ কোটি টাকা হবে মর্মে আশা করা যাচ্ছে।

**খ. বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট**

বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট হচ্ছে বাংলাদেশ চা বোর্ডের আওতাধীন একটি গবেষণামূলক প্রতিষ্ঠান। কেন্দ্রটি চা শিল্পের উন্নয়নকল্পে নতুন নতুন জাতের ক্লোন উদ্ভাবন, বিভিন্ন প্রকার চা এর গুণগতমান নির্ণয়, চা গাছের বিভিন্ন রোগ নির্ণয় ও তার প্রতিরোধের পরামর্শ দিয়ে থাকে। গবেষণামূলক কাজ ছাড়াও এ কেন্দ্রের আওতাধীন ১টি গবেষণামূলক চা বাগানে চা উৎপাদন করা হয়ে থাকে। ২০২১-২২ অর্থবছরে চা বিক্রয় রাজস্বের পরিমাণ ছিল ৩.৬৭ কোটি টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এই রাজস্বের পরিমাণ যথাক্রমে ২.৯২ কোটি ও ৩.৫০ কোটি টাকা হবে মর্মে আশা করা যাচ্ছে।

২০২১-২২ অর্থবছরে উল্লিখিত খাতে মোট ব্যয়ের পরিমাণ ছিল ১৩.৩৫ কোটি টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ব্যয়ের পরিমাণ ১৬.৭২ কোটি টাকা নির্ধারণ করা হয়। ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এ ব্যয় ১৯.১৬ কোটি টাকা হবে বলে অনুমান করা যাচ্ছে। বাংলাদেশ চা বোর্ডের চা গবেষণা কেন্দ্রে ২০২১-২২ অর্থবছরের হিসাব অনুযায়ী পরিচালন ক্ষতির পরিমাণ ৯.৬৮ কোটি টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে পরিচালন ক্ষতির পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াতে পারে যথাক্রমে ১৩.৮০ কোটি ও ১৫.৬৬ কোটি টাকা।

**গ. চা বাগান**

বাংলাদেশ চা বোর্ডের পরিচালনাধীন নিউসমনবাগ, দেওরাছড়া ও কাশিপুর নামে ৩টি চা বাগান রয়েছে। উক্ত চা বাগান ৩টির আয়-ব্যয় চা বোর্ডের বাজেটের সাথে আলাদাভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। চা বাগান ৩টির প্রধান আয় হচ্ছে উৎপাদিত চা বিক্রয় হতে রাজস্ব। ২০২১-২২ অর্থবছরে নিউসমনবাগ, দেওরাছড়া ও কাশিপুর বাগান ৩টির মোট রাজস্ব আয় হয় যথাক্রমে ১৮.৯৩ কোটি, ৮.৩০ কোটি ও ১.৯৪ কোটি টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এ বাগান ৩টির রাজস্ব আয় যথাক্রমে ২১.৭৪ কোটি, ১০.২১ কোটি ও ২.২৮ কোটি টাকা এবং ব্যয়ের পরিমাণ যথাক্রমে ২৯.৫৯ কোটি, ১৩.৫০ কোটি ও ২.৬৩ কোটি টাকা হবে মর্মে অনুমান করা যাচ্ছে। ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এ বাগান ৩টির রাজস্ব আয় যথাক্রমে ২৪.৩৪ কোটি, ১০.৭৯ কোটি ও ২.৭৭ কোটি টাকা এবং ব্যয়ের পরিমাণ যথাক্রমে ৩০.২৭ কোটি, ১৪.১৪ কোটি ও ২.৭০ কোটি টাকা হবে মর্মে অনুমান করা যাচ্ছে।

### ঘ. তহবিল প্রবাহ

প্রারম্ভিক নগদ ও ব্যাংক স্থিতি, ব্যয় উদ্বৃত্ত আয় ও অবচয়সহ ২০২১-২২ অর্থবছরে বোর্ডের মোট ১৪৮.৮৩ কোটি টাকা তহবিল যোগান হয়। এর বিপরীতে লভ্যাংশ প্রদান, স্থাবর সম্পত্তিতে বিনিয়োগ এবং সমাপনী নগদ ও ব্যাংক স্থিতিসহ ১৪৮.৮৩ কোটি টাকার তহবিল ব্যবহার করা হয়। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ১৪৫.৯৩ কোটি টাকার তহবিল যোগানের বিপরীতে ১৪৫.৯৩ কোটি টাকার তহবিল ব্যবহার করা হবে। ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ১৩৯.৮৬ কোটি টাকার তহবিল যোগানের ব্যবহার হবে মর্মে হিসাব করা হয়েছে।

### ঙ. মূলধন কাঠামো

৩০ জুন ২০২২ তারিখের স্থিতিপত্রের উপর ভিত্তি করে প্রণীত ৩০ জুন ২০২৩ এবং ৩০ জুন ২০২৪ এর স্থিতিপত্র অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১৪১.৪১ কোটি ও ১৪১.৪৪ কোটি টাকা এবং উভয় অর্থ বছরে ঋণ - মূলধন অনুপাত হবে ০:১০০। ২০২১-২২ অর্থবছরে ঋণ মূলধন অনুপাত ছিল ০:১০০ এবং মোট সম্পদের পরিমাণ ছিল ১৩৯.৮৬ কোটি টাকা।

### চ. রাষ্ট্রীয় কোষাগারে প্রদেয়

২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ চা বোর্ড সরকারি কোষাগারে প্রদেয় অবদান/ লভ্যাংশ বাবদ কোন টাকা প্রদান করেনি। সংস্থা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে ০.৪০ কোটি টাকা সরকারি কোষাগারে প্রদেয় অবদান/ লভ্যাংশ বাবদ প্রদান করবে মর্মে আশা করা যাচ্ছে।

### ছ. জনবল

২০২১-২২ অর্থবছরে বোর্ডের অধীনে ২৫৩ জন কর্মচারী ছিল। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এ সংখ্যা যথাক্রমে ২৬৭ ও ৩০৮ জন হবে মর্মে অনুমান করা যাচ্ছে। ২০২১-২২ অর্থবছরে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ ছিল ৪,৮১,৯৫৭.০০ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদি হবে যথাক্রমে ৪,৭৮,১৮৪ .০০ টাকা ও ৫,১৭,২৮৯.০০ টাকা।

**প্রতিটি খাতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি – বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।**

## বাংলাদেশ চা বোর্ড

### প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২৩-২৪

| বিবরণ | একক | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| **পরিমাণ** | | | | | |
| ১. মোট চা বাগানের সংখ্যা | সংখ্যা | ১৬৮.০০ | ১৬৮.০০ | ১৬৭.০০ | ১৬৬.০০ |
| ২. মোট চা বাগানের আয়তন | হেক্টর | ১১৭৫৯৪.৪৯ | ১১৭৫৯৪.৪৯ | ১১৭৫৯৪.৪৯ | ১১২৮৯৭.৪০ |
| ৩. মোট আবাদযোগ্য আয়তন | হেক্টর | ৬৬৪৫৬.৯৩ | ৬৬৪৫৬.৯৩ | ৬৬৪৫৬.৯৩ | ৬৪৪৮৫.৫৭ |
| ৪. নীলাম বিক্রয় | লাখ কেজি | ৯২০.০০ | ৮৭৮.০০ | ৯০২.৫০ | ৯২৭.৫২ |
| ৫. সরাসরি চুক্তিভিত্তিক বিক্রয় | লাখ কেজি | ৩০.০০ | ২৫.০০ | ৩৫.০০ | ২৩.৯৬ |
| ৬. কনসাইনমেন্ট হিসাবে বিক্রয় | লাখ কেজি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭. চা বাগান হতে প্রাপ্ত লেভি | লাখ কেজি | ১৬.৪৫ | ১৫.৮০ | ১৫.৫০ | ১৫.০৪ |
| ৮. খুচরা বিক্রয় | লাখ কেজি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯. মোট বিক্রয় | লাখ কেজি | ৯৬৬.৪৫ | ৯১৮.৮০ | ৯৫৩.০০ | ৯৬৬.৫২ |
| **রাজস্ব** | | | | | |
| ১০. নীলাম বিক্রয় বাবদ রাজস্ব | লাখ টাকা | ১৮৮৫.০০ | ১৬৫০.০০ | ১৭৮০.০০ | ১৮২৬.৭২ |
| ১১. কেজি প্রতি | টাকা | ২.০৫ | ১.৮৮ | ১.৯৭ | ১.৯৭ |
| ১২. সরাসরি বিক্রয় রাজস্ব | লাখ টাকা | ৬৫.০০ | ৫৫.০০ | ৭০.০০ | ৫৩.১৯ |
| ১৩. কেজি প্রতি | টাকা | ২.১৭ | ২.২০ | ২.০০ | ২.২২ |
| ১৪. কনসাইনমেন্ট হিসাবে বিক্রয় রাজস্ব | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. কেজি প্রতি | টাকা | ০ | ০ | ০ | ০ |
| ১৬. খুচরা বিক্রয় | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৭. কেজি প্রতি | টাকা | ০ | ০ | ০ | ০ |
| ১৮. চা বাগান হতে লেভি আদায় | লাখ টাকা | ১২০.০০ | ১১২.০০ | ১১২.০০ | ১৪৯.৫২ |
| ১৯. অন্যান্য - (তফসিল-ক) | লাখ টাকা | ১৩৭০.০০ | ১৩২০.০০ | ১৩৩০.০০ | ১৫৩২.৬২ |
| ২০. মোট রাজস্ব | লাখ টাকা | ৩৪৪০.০০ | ৩১৩৭.০০ | ৩২৯২.০০ | ৩৫৬২.০৫ |

## বাংলাদেশ চা বোর্ড

### প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২৩-২৪

| বিবরণ | একক | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| **ব্যয়** | | | | | |
| ২১ . বেতন ও ভাতাদি (তফসিল-খ) | লাখ টাকা | ৮১৩.৩৫ | ৬৫৬.৫০ | ৮৪৮.৬০ | ৬১৯.৪২ |
| ২২ . মোট ব্যয়ের অংশ | % | ৫০.৬৯ | ৪৮.৯২ | ৫৩.০০ | ৫৯.৮৭ |
| ২৩ . কর্মচারীদের ভবিষ্য তহবিল | লাখ টাকা | ২২২.০০ | ১৬২.২৫ | ১৫৬.৫০ | ৮১.৫১ |
| ২৪ . মোট ব্যয়ের অংশ | % | ১৩.৮৪ | ১২.০৯ | ৯.৭৮ | ৭.৮৮ |
| ২৫ . মেরামত ও রক্ষণাবেক্ষণ (তফসিল-গ) | লাখ টাকা | ৭৩.০০ | ৫৭.৫০ | ৭২.০৫ | ৪৮.২৬ |
| ২৬ . মোট ব্যয়ের অংশ | % | ৪.৫৫ | ৪.২৮ | ৪.৫০ | ৪.৬৬ |
| ২৭ . বিদ্যুৎ ও জ্বালানি | লাখ টাকা | ৩০.০০ | ২৫.০০ | ২৬.০০ | ২০.৩৪ |
| ২৮ . মোট ব্যয়ের অংশ | % | ১.৮৭ | ১.৮৬ | ১.৬২ | ১.৯৭ |
| ২৯ . রাস্তা উন্নয়ন ব্যয় | লাখ টাকা | ২০.০০ | ২০.০০ | ২০.০০ | ১৭.৭৫ |
| ৩০ . ডাক, তার ও টেলিফোন | লাখ টাকা | ১০.০০ | ৯.৫০ | ১০.০০ | ৭.৬৪ |
| ৩১ . তৈল ও লুব্রিকেন্টস | লাখ টাকা | ৩৫.০০ | ৩২.০০ | ২৮.০০ | ২০.৮৪ |
| ৩২ . মোট ব্যয়ের অংশ | % | ২.১৮ | ২.৩৮ | ১.৭৫ | ২.০১ |
| ৩৩ . সমাজ কল্যাণ খাতে ব্যয় | লাখ টাকা | ৮.০০ | ৭.০০ | ৭.০০ | ০.৫০ |
| ৩৪ . ব্যবসা উন্নয়ন খাতে ব্যয় | লাখ টাকা | ২০.০০ | ২০.০০ | ২০.০০ | ০.৮১ |
| ৩৫ . কর, খাজনা ও আয়কর | লাখ টাকা | ৪১.০০ | ৪১.০০ | ৪১.৫০ | ১০৮.৫৬ |
| ৩৬ . মোট ব্যয়ের অংশ | % | ২.৫৬ | ৩.০৬ | ২.৫৯ | ১০.৪৯ |
| ৩৭ . অবচয় | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ৩৫.০০ | ০.০০ |
| ৩৮ . প্রশিক্ষণ | লাখ টাকা | ১৫.০০ | ১২.০০ | ১৬.০০ | ৪.২৯ |
| ৩৯ . উপদেষ্টা ব্যয় | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪০ . ভর্তুকি | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪১ . সুদ ব্যয় | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪২ . অন্যান্য ব্যয়-(তফসিল-ঘ) | লাখ টাকা | ৩১৭.২৫ | ২৯৯.২৪ | ৩২০.৩৫ | ১০৪.৭৫ |
| ৪৩ . মোট ব্যয় | লাখ টাকা | ১৬০৪.৬০ | ১৩৪১.৯৯ | ১৬০১.০০ | ১০৩৪.৬৭ |
| ৪৪ . মোট রাজস্ব আয়ের ব্যয় | % | ৪৬.৬৫ | ৪২.৭৮ | ৪৮.৬৩ | ২৯.০৫ |
| ৪৫ . পরিচালন মুনাফা/(লোকসান)(২০-৪৩) | লাখ টাকা | ১৮৩৫.৪০ | ১৭৯৫.০১ | ১৬৯১.০০ | ২৫২৭.৩৮ |
| ৪৬ . রাজস্ব আয়ের অংশ | % | ৫৩.৩৫ | ৫৭.২২ | ৫১.৩৭ | ৭০.৯৫ |
| **গবেষণা কেন্দ্র** | | | | | |
| **পরিমাণ** | | | | | |
| ৪৭ . চা বোর্ডের বাগান | সংখ্যা | ১.০০ | ১.০০ | ১.০০ | ১.০০ |
| ৪৮ . চা বাগানের আয়তন | হেক্টর | ২৬৩.৩০ | ২৬৩.৩০ | ২৬৩.৩০ | ২৬৩.৩০ |
| ৪৯ . আবাদযোগ্য জমির পরিমাণ | হেক্টর | ১৬২.৭৮ | ১৬২.৭৮ | ১৪৬.০২ | ১৬২.৭৮ |
| ৫০ . বিক্রয়ের পরিমাণ | লাখ কেজি | ১.৯০ | ১.৮৫ | ২.১০ | ২.১১ |
| **রাজস্ব** | | | | | |
| ৫১ . চা বিক্রয় | লাখ টাকা | ৩৫০.০০ | ২৯১.৭৩ | ৪২০.০০ | ৩৬৬.৮০ |
| ৫২ . কেজি প্রতি | টাকা | ১৮৪.২১ | ১৫৭.৬৯ | ২০০.০০ | ১৭৩.৮৪ |
| ৫৩ . মোট রাজস্ব | লাখ টাকা | ৩৫০.০০ | ২৯১.৭৩ | ৪২০.০০ | ৩৬৬.৮০ |

## বাংলাদেশ চা বোর্ড

### প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২৩-২৪

| বিবরণ | একক | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| ব্যয় | | | | | |
| ৫৪. বেতন ও ভাতাদি (তফসিল-চ) | লাখ টাকা | ৭৫৯.৯০ | ৬২০.২৫ | ৭৬০.৫০ | ৫৯৯.৯৩ |
| ৫৫. মোট ব্যয়ের অংশ | % | ৩৯.৬৬ | ৩৭.১০ | ৪৫.০১ | ৪৪.৯৫ |
| ৫৬. কর্মচারীদের ভবিষ্য তহবিল | লাখ টাকা | ২৩৭.০০ | ২১৮.৮০ | ১২১.৮০ | ১২২.৮২ |
| ৫৭. মোট ব্যয়ের অংশ | % | ১২.৩৭ | ১৩.০৯ | ৭.২১ | ৯.২০ |
| ৫৮. বিদ্যুৎ ও জ্বালানি | লাখ টাকা | ৪৫.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৩৪.০০ |
| ৫৯. মোট ব্যয়ের অংশ | % | ২.৩৫ | ২.৩৯ | ২.৩৭ | ২.৫৫ |
| ৬০. মেরামত ও রক্ষণাবেক্ষণ-(তফসিল-ছ) | লাখ টাকা | ৮৬.০০ | ৭২.০০ | ৭২.০০ | ৬৬.০৯ |
| ৬১. মোট ব্যয়ের অংশ | % | ৪.৪৯ | ৪.৩১ | ৪.২৬ | ৪.৯৫ |
| ৬২. রাস্তা উন্নয়ন ব্যয় | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬৩. ডাক, তার ও টেলিফোন | লাখ টাকা | ৫.০০ | ৪.৫০ | ৬.০০ | ২.৫৫ |
| ৬৪. পেট্রল, তৈল ও লুব্রিকেন্টস্ | লাখ টাকা | ১৮.০০ | ১৫.০০ | ১৫.০০ | ১২.৩৩ |
| ৬৫. মোট ব্যয়ের অংশ | % | ০.৯৪ | ০.৯০ | ০.৮৯ | ০.৯২ |
| ৬৬. সমাজ কল্যাণ খাতে ব্যয় | লাখ টাকা | ৬.০০ | ৬.০০ | ৬.০০ | ১.২৮ |
| ৬৭. ব্যবসা উন্নয়ন খাতে ব্যয় | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬৮. কর, খাজনা ও আয়কর | লাখ টাকা | ৮.৫০ | ৮.৫০ | ১০.০০ | ৫.১৬ |
| ৬৯. চা খামার গবেষণা উন্নয়ন ব্যয় (তফসিল-ঝ) | লাখ টাকা | ৫২৮.০০ | ৪৯০.০০ | ৪২৮.০০ | ৩৫৮.৯১ |
| ৭০. মোট ব্যয়ের অংশ | % | ২৭.৫৬ | ২৯.৩১ | ২৫.৩৩ | ২৬.৮৯ |
| ৭১. অবচয় | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ৫০.০০ | ০.০০ |
| ৭২. চা ফ্যাক্টরি পরিচালন ব্যয়-(তফসিল-ঞ) | লাখ টাকা | ১৩১.৫০ | ১২৮.০০ | ১০৯.৫০ | ৯৪.৪৮ |
| ৭৩. ভর্তুকি | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭৪. সুদ ব্যয় | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭৫. অন্যান্য ব্যয় (তফসিল-জ) | লাখ টাকা | ৯১.০৫ | ৬৮.৭৫ | ৭১.০০ | ৩৭.১২ |
| ৭৬. মোট ব্যয় | লাখ টাকা | ১৯১৫.৯৫ | ১৬৭১.৮০ | ১৬৮৯.৮০ | ১৩৩৪.৬৭ |
| ৭৭. মোট রাজস্ব আয়ের ব্যয় | % | ৫৪৭.৪১ | ৫৭৩.০৬ | ৪০২.৩৩ | ৩৬৩.৮৭ |
| ৭৮. পরিচালন মুনাফা/(লোকসান)(৫৩-৭৬) | লাখ টাকা | -১৫৬৫.৯৫ | -১৩৮০.০৭ | -১২৬৯.৮০ | -৯৬৭.৮৭ |
| ৭৯. মোট মুনাফা/লোকসানের অংশ | % | -৪৪৭.৪১ | -৪৭৩.০৬ | -৩০২.৩৩ | -২৬৩.৮৭ |
| একীভূত | | | | | |
| ৮০. মোট রাজস্ব | লাখ টাকা | ৩৭৯০.০০ | ৩৪২৮.৭৩ | ৩৭১২.০০ | ৩৯২৮.৮৫ |
| ৮১. মোট ব্যয় | লাখ টাকা | ৩৫২০.৫৫ | ৩০১৩.৭৯ | ৩২৯০.৮০ | ২৩৬৯.৩৪ |
| ৮২. পরিচালন মুনাফা /(লোকসান) | লাখ টাকা | ২৬৯.৪৫ | ৪১৪.৯৪ | ৪২১.২০ | ১৫৫৯.৫১ |

## বাংলাদেশ চা বোর্ড

### প্রধান কার্যালয়

### প্রাক্কলিত আয় ও ব্যয় ২০২৩-২৪

(লাখ টাকায়)

| বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|
| আয় | | | | |
| ১ . ইউনিটসমূহ হতে লেভি সংগ্রহ | ১২০.০০ | ১১২.০০ | ১১২.০০ | ১৪৯.৫২ |
| ২ . সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩ . বৈদেশিক অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ . লাইসেন্স ফি, কর ইত্যাদি | ১৯৫০.০০ | ১৭০৫.০০ | ১৮৫০.০০ | ১৮৭৯.৯১ |
| ৫ . রেজিস্ট্রেশন ও বার্ষিক ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬ . সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ . প্রকাশনা বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ . ব্যবসায়িক মুনাফা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯ . প্রাপ্য সুদ | ৭৮০.০০ | ৭৪০.০০ | ৭৪০.০০ | ৭৮৬.২৫ |
| ১০ . প্রাপ্য ভাড়া | ৪১০.০০ | ৪০০.০০ | ৪১০.০০ | ৪৩৩.৫৬ |
| ১১ . অন্যান্য | ৫৩০.০০ | ৪৭১.৭৩ | ৬০০.০০ | ৬৭৯.৬১ |
| ১২ . মোট আয় | ৩৭৯০.০০ | ৩৪২৮.৭৩ | ৩৭১২.০০ | ৩৯২৮.৮৫ |
| ব্যয় | | | | |
| ১৩ . বেতন ও ভাতাদি | ১৫৭৩.২৫ | ১২৭৬.৭৫ | ১৬০৯.১০ | ১২১৯.৩৫ |
| ১৪ . কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন ফান্ড | ৪৫৯.০০ | ৩৮১.০৫ | ২৭৮.৩০ | ২০৪.৩৩ |
| ১৫ . মেরামত ও রক্ষণাবেক্ষণ | ১৫৯.০০ | ১২৯.৫০ | ১৪৪.০৫ | ১১৪.৩৫ |
| ১৬ . অবচয় | ০.০০ | ০.০০ | ৮৫.০০ | ০.০০ |
| ১৭ . প্রশিক্ষণ | ১৫.০০ | ১২.০০ | ১৬.০০ | ৪.২৯ |
| ১৮ . সিএনজি, পেট্রল, অকটেন , লুব্রিকেন্ট ও অন্যান্য | ৫৩.০০ | ৪৭.০০ | ৪৩.০০ | ৩৩.১৭ |
| ১৯ . সমাজ কল্যাণ ব্যয় | ১৪.০০ | ১৩.০০ | ১৩.০০ | ১.৭৮ |
| ২০ . উপদেষ্টা নিয়োগের জন্য ব্যয় | ১০.০০ | ৫.০০ | ০.০০ | ০.০০ |
| ২১ . ভর্তুকি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২২ . পরিশোধিতব্য সুদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৩ . অন্যান্য | ১২৩৭.৩০ | ১১৪৯.৪৯ | ১১০২.৩৫ | ৭৯২.০৭ |
| ২৪ . মোট ব্যয় | ৩৫২০.৫৫ | ৩০১৩.৭৯ | ৩২৯০.৮০ | ২৩৬৯.৩৪ |
| ২৫ . মাথাপিছু ব্যয় (সুদ ব্যতীত ) (টাকা) | ১১৪৩০৩৫.৭১ | ১১২৮৭৬০.৩০ | ১১১৯৩১৯.৭৩ | ৯৩৬৪৯৮.০২ |
| ২৬ . হেড অফিস ও ইউনিটের ব্যয় হার | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৭ . ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) | ২৬৯.৪৫ | ৪১৪.৯৪ | ৪২১.২০ | ১৫৫৯.৫১ |

**বাংলাদেশ চা বোর্ড**

**প্রধান কার্যালয়**

**প্রাক্কলিত মুনাফা ও তহবিল প্রবাহ ২০২৩-২৪** **(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|
| **তহবিলের উৎস** | | | | |
| ১ . প্রারম্ভিক নগদ ও ব্যাংক স্থিতি | ১৩,৭১৬.৮৬ | ১৪,১৭৭.৯২ | ১০,২৩৬.৮৪ | ১৩,৩২৩.৮৩ |
| ২ . ব্যয় উদ্বৃত্ত আয় | ২৬৯.৪৫ | ৪১৪.৯৪ | ৪২১.২০ | ১,৫৫৯.৫১ |
| ৩ . অবচয় | ০.০০ | ০.০০ | ৮৫.০০ | ০.০০ |
| ৪ . অন্যান্য (নগদ ব্যতীত) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫ . প্রাপ্য নতুন মূলধন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬ . প্রাপ্য ঋণ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ . স্থায়ী পরিচালন সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ . অন্যান্য স্থায়ী সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯ . ব্যাংক ওভারড্রাফট বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১০ . পাওনাদারসহ অন্যান্য চলতি দায় বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১ . অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২ . মোট তহবিল সংগ্রহ | ১৩,৯৮৬.৩১ | ১৪,৫৯২.৮৬ | ১০,৭৪৩.০৪ | ১৪,৮৮৩.৩৪ |
| **তহবিলের প্রয়োগ** | | | | |
| ১৩ . আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪ . পূর্ববর্তী বৎসরের সমন্বয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫ . সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ৪০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ০.০০ |
| ১৬ . স্থায়ী পরিচালন সম্পত্তিতে বিনিয়োগ | ১,২২৩.৫০ | ৩২৮.০০ | ৩৭৪.৫০ | ২৩১.৮৫ |
| ১৭ . অন্যান্য স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৩১৫.০০ | ৫০৮.০০ | ৫১৬.০০ | ৪৭৩.৫৭ |
| ১৮ . দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৯ . মজুদসহ অন্যান্য চলতি সম্পদ বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২০ . সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি | ১২,৪০৭.৮১ | ১৩,৭১৬.৮৬ | ৯,৮১২.৫৪ | ১৪,১৭৭.৯২ |
| ২১ . অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২২ . মোট তহবিল প্রয়োগ | ১৩,৯৮৬.৩১ | ১৪,৫৯২.৮৬ | ১০,৭৪৩.০৪ | ১৪,৮৮৩.৩৪ |
| ২৩ . নীট তহবিল বৃদ্ধি/(ঘাটতি) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |

**বাংলাদেশ চা বোর্ড**

প্রধান কার্যালয়

প্রাক্কলিত স্থিতিপত্র জুন২০২৪ **(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট<br>৩০ জুন<br>২০২৪ | সংশোধিত<br>৩০ জুন<br>২০২৩ | সাময়িক<br>৩০ জুন<br>২০২২ |
|---|---|---|---|
| **মূলধন ও দায়** | | | |
| ১. মূলধন | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২. সংরক্ষিত তহবিল | ১৪৬০০.৪৯ | ১৪৩৩১.০৪ | ১৩৯১৬.১০ |
| ৩. ইক্যুইটি | ১৪৬০০.৪৯ | ১৪৩৩১.০৪ | ১৩৯১৬.১০ |
| ৪. দীর্ঘমেয়াদি দায় | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. চলতি দায় | -১০.০০ | ৩০.০০ | ৭০.০০ |
| ৬. মোট দায় | -১০.০০ | ৩০.০০ | ৭০.০০ |
| ৭. মোট তহবিল | ১৪৫৯০.৪৯ | ১৪৩৬১.০৪ | ১৩৯৮৬.১০ |
| **মূলধন কাঠামো ও লিকুইডিটি অনুপাত** | | | |
| ৮. ঋণ মূলধন অনুপাত | ০ : ১০০ | ০ : ১০০ | ০:১০০ |
| ৯. চলতি অনুপাত | ১৫৬.২৩ : ১ | -৮.৪৪ : ১ | ২.৯৭ : ১ |
| ১০. তবরিত সম্পদ অনুপাত | -১৪৫৯.০৫ : ১ | ৪৭৮.৭০ : ১ | ২.৯৭ : ১ |
| **সম্পত্তিসমূহ** | | | |
| ১১. ব্যবসা পরিচালনার স্থাবর সম্পত্তি | ৫৬৪৬.১৬ | ৪৪২২.৬৬ | ৪০৯৪.৬৬ |
| ১২. বাদ : ক্রমপুঞ্জিত অবচয় | ৭৯৩.৩৫ | ৭৯৩.৩৫ | ৭৯৩.৩৫ |
| ১৩. নীট স্থাবর সম্পত্তি | ৪৮৫২.৮১ | ৩৬২৯.৩১ | ৩৩০১.৩১ |
| ১৪. অন্যান্য স্থাবর সম্পত্তি | ১১৩০০.০১ | ১০৯৮৫.০১ | ১০৪৭৭.০১ |
| ১৫. চলতি সম্পদ | -১৫৬২.৩৩ | -২৫৩.২৮ | ২০৭.৭৮ |
| ১৬. মোট সম্পদ | ১৪৫৯০.৪৯ | ১৪৩৬১.০৪ | ১৩৯৮৬.১০ |

**বাংলাদেশ চা বোর্ড**

**সরকারি কোষাগারে দেয়  ২০২৩-২৪**

**(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|
| ১. আমদানি শুল্ক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২. আমদানির উপর বিক্রয় কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩. আমদানির অনুমতি ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪. বিক্রয়ের উপর আবগারি শুল্ক/ভ্যাট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. বিক্রয় কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬. সরকারি ঋণের সুদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭. আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮. সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ৪০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ০.০০ |
| ৯. রপ্তানি কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১০. সড়ক নির্মাণ কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. লাইসেন্স ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২. উনণয়ন ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪. মোট | ৪০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ০.০০ |

**বাংলাদেশ চা বোর্ড**

প্রধান কার্যালয়

কর্মীর বিবরণ

| **কর্মীর সংখ্যা** | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **কর্মীর শ্রেণি** | **বাজেট ২০২৩-২৪** | | | **সংশোধিত বাজেট ২০২২-২৩** | | | **সাময়িক ২০২১-২২** | | **বাজেট ২০২৩-২৪** | | | |
| | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | প্রত্যাশিত সংখ্যা | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | প্রত্যাশিত সংখ্যা | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৭** | **৮** | **৯** | **১০** | **১১** | **১২** | **১৩** |
| ১ . কর্মচারী (গ্রেড ১-৫) | ২১ | ১২ | ১৭ | ২১ | ১২ | ১৪ | ২১ | ১২ | ১৪৩.৫০ | ১০০.৮১ | ২৪৪.৩১ | ১,৪৩৭,১১৮ |
| ২ . কর্মচারী (গ্রেড ৬-৯) | ৫০ | ৩৭ | ৪৫ | ৫০ | ৩৭ | ৩৭ | ৫০ | ৩৭ | ২৬৭.৬০ | ১৫১.৬৩ | ৪১৯.২৩ | ৯৩১,৬২২ |
| ৩ . কর্মচারী (গ্রেড ১০) | ৫ | ৪ | ৫ | ৫ | ৪ | ৪ | ৫ | ৪ | ১৫.৮০ | ১৭.৭২ | ৩৩.৫২ | ৬৭০,৪০০ |
| ৪ . উপ-মোট (১+২+৩) | ৭৬ | ৫৩ | ৬৭ | ৭৬ | ৫৩ | ৫৫ | ৭৬ | ৫৩ | ৪২৬.৯০ | ২৭০.১৬ | ৬৯৭.০৬ | ১,০৪০,৩৮৮ |
| ৫ . কর্মচারী(গ্রেড ১১-২০) | ২৮১ | ২০০ | ২৪১ | ২৮১ | ২০০ | ২১২ | ২৮১ | ২০০ | ৪৭১.১০ | ৪২৫.০৯ | ৮৯৬.১৯ | ৩৭১,৮৬৩ |
| ৬ . দক্ষ শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৭ . আধা-দক্ষ শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৮ . অদক্ষ শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৯ . অনিয়মিত শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ১০ . উপ-মোট (৫+...+৮) | ২৮১ | ২০০ | ২৪১ | ২৮১ | ২০০ | ২১২ | ২৮১ | ২০০ | ৪৭১.১০ | ৪২৫.০৯ | ৮৯৬.১৯ | ৩৭১,৮৬৩ |
| ১১ . মোট (৪+৯+১০) | ৩৫৭ | ২৫৩ | ৩০৮ | ৩৫৭ | ২৫৩ | ২৬৭ | ৩৫৭ | ২৫৩ | ৮৯৮.০০ | ৬৯৫.২৫ | ১,৫৯৩.২৫ | ৫১৭,২৮৯ |

**বাংলাদেশ চা বোর্ড**

প্রধান কার্যালয়

কর্মীর বিবরণ

| **বেতন ও ভাতাদি (লাখ টাকায়)** | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **সংশোধিত বাজেট ২০২২-২৩** | | | | **অনুমোদিত বাজেট ২০২২-২৩** | | | | **সাময়িক ২০২১-২২** | | | |
| মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) |
| **১৪** | **১৫** | **১৬** | **১৭** | **১৮** | **১৯** | **২০** | **২১** | **২২** | **২৩** | **২৪** | **২৫** |
| ৮৩.৩১ | ৬৭.৩৪ | ১৫০.৬৫ | ১০৭৬০৭১ | ১৪২.৭২ | ১০৩.৬৮ | ২৪৬.৪০ | ১৮৯৫৩৮৫ | ৭২.৫৫ | ৫৬.৮১ | ১২৯.৩৬ | ১০৭৮০০০ |
| ২২৮.৬৫ | ১৪৯.১৭ | ৩৭৭.৮২ | ১০২১১৩৫ | ২৬৬.১৮ | ১৫৬.২০ | ৪২২.৩৮ | ৯৫৯৯৫৫ | ১৯৬.১৯ | ১২৩.৮২ | ৩২০.০১ | ৮৬৪৮৯২ |
| ১১.১৮ | ১০.৬৩ | ২১.৮১ | ৫৪৫২৫০ | ১৫.৮৬ | ১৮.৩২ | ৩৪.১৮ | ৮৫৪৫০০ | ৭.২২ | ৮.২২ | ১৫.৪৪ | ৩৮৬০০০ |
| ৩২৩.১৪ | ২২৭.১৪ | ৫৫০.২৮ | ১০০০৫০৯ | ৪২৪.৭৬ | ২৭৮.২০ | ৭০২.৯৬ | ১১৫২৩৯৩ | ২৭৫.৯৬ | ১৮৮.৮৫ | ৪৬৪.৮১ | ৮৭৭০০০ |
| ৩৯৩.৮৬ | ৩৩২.৬১ | ৭২৬.৪৭ | ৩৪২৬৭৫ | ৪৬৮.২৪ | ৪৩৭.৯০ | ৯০৬.১৪ | ৩৮৮৯০১ | ৪১২.৪৪ | ৩৪২.১০ | ৭৫৪.৫৪ | ৩৭৭২৭০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
